# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৩৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে কফ ফেলা কিয়ামতের দিন আদম সন্তানের মন্দ আমলের অন্তর্ভূক্ত থাকবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ النُّخَاعَةَ فِي الْمَسْجِدِ مِنْ مساوىء أَعْمَالِ بَنِي آدَمَ فِي الْقِيَامَةِ

আরবী

1638 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِبُسْتَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ هِشَامًا عَنْ وَاصِلٍ مَوْلَى أَبِي عُيَيْنَةَ عَنْ يَحْيَى بْنِ عَقِيلٍ عَنْ يَحْيَى بْنِ يَعْمُرَ عَنْ أَبِي الْأَسْوَدِ عَنْ أَبِي ذَرٍّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (عُرِضَتْ عَلَيَّ أُمَّتِي بِأَعْمَالِهَا حَسَنَةٍ وَسَيِّئَةٍ فَرَأَيْتُ فِي مَحَاسِنِ أَعْمَالِهِمُ الْأَذَى يُماط عَنِ الطَّرِيقِ وَرَأَيْتُ في مساوىء أعمالهم النخاعة في المسجد لا تُدفن)

الراوي : أَبُو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1638 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح سنن ابن ماجه)) (3683)

বাংলা

১৬৩৮. আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “ আমার কাছে আমার উম্মতকে তাদের পাপ-পুণ্যসহ উপস্থাপন করা হয়, আমি দেখতে পাই যে, রাস্তা থেকে কষ্টদায়ক জিনিস অপসারণ করা তাদের ভাল আমলের অন্তর্ভুক্ত আছে, আমি আরো দেখতে পাই যে, তাদের মন্দ আমলের মধ্যে ঐ থুথুও রয়েছে যা মাসজিদে ফেলা হয় অতঃপর তা পুতে ফেলা হয় না।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৯/২৯-৩০; ইবনু মাজাহ: ৩৬৮৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান ইবনু মাজাহ: ৩৬৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91232

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন